

## (বাংলাদেশ সরকারি গেজেটে প্রকাশের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

প্রবিধি অনুবিভাগ

প্রবিধি-১ শাখা

[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০২৭.১৩-১৬০

তারিখঃ ২৩-১২-২০১৩ খ্রিষ্টাব্দ  
০৯-০৯-১৪২০ বঙ্গাব্দ

## প্রজ্ঞাপন

পেনশন সুবিধার আওতাভুক্ত অবসর গ্রহণকারী চাকুরে কিংবা মৃত্যুবরণকারী চাকুরের পরিবারের জন্য বিধি মোতাবেক প্রাপ্য আনুতোষিকের হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো :

- (ক) বাধ্যতামূলকভাবে সমর্পিত (Surrendered) আনুতোষিকঃ অবসর গ্রহণকারী চাকুরে কিংবা মৃত্যুবরণকারী চাকুরের পরিবার বিধি মোতাবেক বাধ্যতামূলকভাবে সমর্পিত (Surrendered) অর্ধেক (৫০%) গ্রস পেনশনের প্রতি ১(এক) টাকার বিপরীতে নিম্নোক্ত ছকের ৪র্থ কলামে বর্ণিত হারে আনুতোষিক প্রাপ্য হবেনঃ


ক্রমিক নং	পেনশনযোগ্য চাকরিকাল	আনুতোষিকের হার (টাকায়)	
		বিদ্যমান	পুনঃনির্ধারিত
১	২	৩	৪
১	১০ বছর বা ততোধিক কিন্তু ১৫ বছরের কম	২৩০ টাকা	২৬০ টাকা
২	১৫ বছর বা ততোধিক কিন্তু ২০ বছরের কম	২১৫ টাকা	২৪৫ টাকা
৩	২০ বছর বা ততোধিক	২০০ টাকা	২৩০ টাকা

- (খ) স্বেচ্ছায় সমর্পিত (Surrendered) অবশিষ্ট আনুতোষিকঃ গ্রস পেনশনের অবশিষ্ট অর্ধেক (৫০%) একসাথে সমর্পণকারী অবসরভোগীগণ কলাম-৪ এ বর্ণিত হারের অর্ধেক হারে আনুতোষিক প্রাপ্য হবেন।

০২। বর্ণিত বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিধি-বিধান, আদেশ, স্মারক ইত্যাদি উপরোক্ত মর্মে পরিবর্তিত/সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ০১-১২-২০১৩ খ্রি. তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
২৩.১২.২০১৩  
(এ.এফ. আমিন চৌধুরী)  
যুগ্ম-সচিব

উপ-পরিচালক  
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়  
তেজগাঁও, ঢাকা।


চলমান পাতা/২

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০২৭.১৩-১৬০/১(২০০)

তারিখঃ ২৩-১২-২০১৩ খ্রিষ্টাব্দ  
০৯-০৯-১৪২০ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার অনুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।  
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সিনিয়র সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ(সকল)।  
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ(সকল)।  
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।  
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। বিভাগীয় কমিশনার,..... (সকল)।
- ৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ভবন, ঢাকা।  
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,..... (সকল)।  
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,.....(সকল)।

  
 (মোঃ সিরাজুল ইসলাম)  
 সহকারী সচিব  
 ফোন : ৯৫৪০১৮১